# কৃষি মন্ত্রণালয়ে ২৭-০২-১৯৯৭ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৪র্থ সভার কার্য-বিবরণী

২৭-২-৯৭ ইং তারিখে জনাব মুহম্মদ আহসান আলী সরকার, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়-এর সভাপতিত্বে সীড প্রমোশন কমিটির ৪র্থ সভা কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-"গ"-এ দেয়া হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানান ও আলোচ্য সূচী অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য ব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি'কে অনুরোধ করেন।

**আলোচ্যসূচী-১ ঃ ১৯৯৭-৯৮ উৎপাদন মৌসুমের জন্য আউশ বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা চূড়ান্তকরণ।**

**আলোচনা ঃ**

ব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি বলেন যে সীড প্রমোশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আউশ বীজের উৎপাদন লক্ষ্যমাত্রার প্রাক নির্ধারণী সভা বিগত ২৭-০১-৯৭ ইং তারিখে বিএডিসিতে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বীজ প্রত্যয়ন এজেন্সী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সভায় ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ সালের আউশ বীজ বিক্রয় এবং ১৯৯৬-৯৭ মৌসুমে বিতরণের জন্য প্রাপ্তব্য আউশ বীজের পরিমাণ ও সাথে সাথে ১৯৯৭-৯৮ বিতরণ মৌসুমে আউশ বীজ বিতরণের টাস্ক ফোর্সের লক্ষ্যমাত্রা ও উক্ত মৌসুমের জন্য কৃষি সম্প্রসারণ বিভাগের চাহিদা ইত্যাদি বিবেচনা করে ১৯৯৭-৯৮ উৎপাদন মৌসুমে ১১১৫ টন প্রত্যায়িত বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তিনি আরও বলেন যে, বিএডিসির চাহিদা মোতাবেক ৯৭-৯৮ ও ৯৮-৯৯ সালে ৭টি জাতের ২৩৫ কেজি করে ব্রীডার বীজ সরবরাহের সিদ্ধান্ত ও গৃহিত হয়েছে এ পর্যায়ে ধান গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি জনান যে, বিএডিসি তাঁদের সরবরাহকৃত ব্রীডার বীজের পুরো মূল্য প্রত্যায়িত বীজের দরেই পরিশোধ করে। মহাপরিচালক (বীজ উইং) উল্লেখ করেন যে, যেহেতু বীজ নীতিতে সরকারী ও বেসরকারী পর্যায়ে একই ধরণের সুযোগ দেয়ার কথা তাই ব্রিডার বীজ পুরো মূল্যেই সরবরাহ দেয়া বাঞ্ছণীয়। তিনি বলেন যে, এ ব্যাপারটি বীজ উইং এর বিবেচনাধীন রয়েছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি বলেন যে তাঁদের দেয়া চাহিদা অনুযায়ী এলাকাভিত্তিক জাতওয়ারী চাহিদা বিবেচনা করে আউশ বীজ সরবরাহ করা দরকার। বিএডিসির প্রতিনিধি এ বিষয়ে লক্ষ্য রাখা হবে বলে উল্লেখ করেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি আরও উল্লেখ করেন যে, তাঁরা ২৭-০১-৯৭ ইং তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৯৯৬-৯৭ মৌসুমের "বীজ বিনিময় কর্মসূচীর" অধীনে আবাদকৃত আউশ বীজের চাষীদের তালিকা অত্র সভায় বিএডিসিকে সরবরাহ করেছেন। তিনি আরও জানান যে, ইতিপূর্বে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আসন্ন মৌসুমে কেবলমাত্র বিআর-২৪ ও বিআর-২৬ জাত দু'টিকেই "বীজ বিনিময় কর্মসূচীতে" অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এই মৌসুমে ব্রিধান-২৭ কে উক্ত কর্মসূচীতে অন্তর্ভুক্ত করা যাবে না। ভবিষ্যতে প্রদর্শনীর তথ্য বিএডিসিকে যথাসময়ে সরবরাহ করা হবে।

**সিদ্ধান্ত ঃ**

(১) ১৯৯৭-৯৮ উৎপাদন মৌসুমে বিএডিসি ৬টি জাতের ১,১১৫ টন প্রত্যায়িত এবং ১৯ টন স্টেজ-১ ও ৩২ টন স্টেজ-২ ভিত্তি আউশ বীজ উৎপাদন করবে (বিস্তারিত-পরিশিষ্ট-ক)।

(২) বাংলাদেশ ধান গবেষণা প্রতিষ্ঠান ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালে ৭টি জাতের ২৩৫ কেজি করে ব্রিডার আউশ বীজ বিএডিসি'কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-ক)।

আলোচ্যসূচী-২ ঃ ১৯৯৭-৯৮ মৌসুমের জন্য পাট বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা চূড়ান্তকরণ।

আলোচনা ঃ

ব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি উল্লেখ করেন যে, বিগত ২ বছরের পাট বীজ বিক্রয়ের পরিমাণ, বর্তমান বছরের মজুদ, টাস্ক ফোর্স রিপোর্টের পাট বীজ বিতরণের ১৯৯৭-৯৮ বিতরণ মৌসুমের চাহিদা ও ঐ মৌসুমের জন্য কৃষি সম্প্রসারণ বিভাগের চাহিদা বিবেচনা করে ২৭-০১-৯৭ ইং তারিখে অনুষ্ঠিত বিএডিসি'র সভায় ১৯৯৭-৯৮ উৎপাদন মৌসুমের জন্য ১,১২৫ টন প্রত্যায়িত পাট বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে (বিস্তারিত পরিশিষ্ট-খ)।

সভাপতি ১৯৯৭-৯৮ বিতরণ মৌসুমের জন্য কৃষি সম্প্রসারণ বিভাগের ৭২৭ টনের চাহিদা গত বৎসরের চেয়ে বেশী কিনা জানতে চাইলে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি এ পরিমাণ বিগত বছরের চাহিদার চেয়ে প্রায় ১৫০ টন বেশী বলে জানান। বর্তমান সময়ে পাটের রপ্তানী ভাল হচেছ ও ভবিষ্যতে বীজের চাহিদা বাড়তে পারে বলে সভাপতি মন্তব্য করেন।

পাট গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি পাট বীজের অংকুরোদগম ক্ষমতাসহ মান যাতে ভাল থাকে সে ব্যাপারে লক্ষ্য রাখতে বলেন। ব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি, জানান যে, বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রত্যয়ন ছাড়া কোন বীজ সরবরাহ দেয়া হয় না। সভাপতি বাংলাদেশ সীড মার্চেন্টস এসোসিয়েশন ও বাংলাদেশ সীডম্যানস্ সোসাইটির সদস্যরা কোন্ কোন্ বীজ উৎপাদনে আগ্রহী জানতে চাইলে, তাঁরা বেশীরভাগ সব্জী বীজ আমদানী ও উৎপাদনে আগ্রহী বলে সভায় মতামত প্রকাশ করা হয়।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি বীজ বিনিময় কর্মসূচীর অধীনে "দেরীতে পাট বীজ উৎপাদন পদ্ধতির উপর" প্রদর্শনীর সংখ্যা ৬০ থেকে ১০০০-এ উন্নীত করা হয়েছে বলে জানান। বিএডিসির চাহিদার পরিপ্রেক্ষিতে উক্ত কর্মসূচীর কৃষকের তালিকা প্রয়োজনীয় তথ্যসহ বিএডিসি'তে প্রেরণ করা হবে বলে উল্লেখ করেন। মহা-ব্যবস্থাপক (পাট বীজ), বিএডিসি ও-৯৮৯৭ জাতের দেরীতে বীজ বপনে কিছু কিছু অসুবিধা আছে বলে উল্লেখ করেন।

বিজেআরআই-এর প্রতিনিধি বলেন যে, তাঁদের উৎপাদিত পাট বীজ তাঁদের খামারের আশেপাশের চাষীরা ক্রয় করতে আগ্রহী। তাই বিজেআরআই-এর নিকট রক্ষিত উদ্বৃত্ত পাট বীজ "মানঘোষিত বীজ" হিসেবে বিক্রয়ের ব্যাপারে মতামত দেয়ার জন্য বীজ উইং-এ লিখা হয়েছে। মহাপরিচালক (বীজ উইং) বিষয়টি বিবেচনাধীন আছে বলে জানান এবং বিজেআরআই-এর প্রতিনিধি এ ব্যাপারে সত্বর মতামত দেয়ার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৭-৯৮ উৎপাদন মৌসুমে বিএডিসি ৪২৫ টন দেশী প্রত্যায়িত ও ৭০০ টন তোষা প্রত্যায়িত মোট ১,১২৫ টন পাট বীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট-খ)।

(২) ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ মৌসুমে বিজেআরআই ৭২০ কেজি করে ব্রীডার বীজ বিএডিসি'কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-খ)।

(৩) বিজেআরআই যেসমস্ত চাষী ও-৯৮৯৭ জাতের বীজ উৎপাদন বৃহত্তর রংপুর জেলায় তাঁদের নিকট থেকে বীজ নিয়ে করেছে তাঁদের তালিকা বিএডিসি'কে সরবরাহ করবে।

(৪) বিএডিসি ও-৯৮৯৭ জাতের বীজ উৎপাদন এলাকা সম্প্রসারণ করার প্রচেষ্টা নিবে।

আলোচ্যসূচী-৩ ঃ বিবিধ ঃ

(ক) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউটের পক্ষ থেকে স্থায়ী প্রতিনিধি মনোনয়ন।

আলোচনা ঃ

মহা-পরিচালক, বীজ উইং, সীড প্রমোশন কমিটির সভায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট থেকে প্রতিনিধির উপস্থিতি নিয়মিত করার লক্ষ্যে উক্ত প্রতিষ্ঠানগুলো থেকে একজন করে প্রতিনিধি মনোনয়নের ব্যবস্থা নেয়া যেতে পারে বলে উল্লেখ করেন।

সিদ্ধান্ত ঃ

উক্ত প্রতিষ্ঠানগুলো থেকে সীড প্রমোশন কমিটিতে ১ জন করে প্রতিনিধির নাম মনোনয়নের জন্য মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি ও সদস্য সচিব, সীড প্রমোশন কমিটি পত্র দিবেন।

**(খ) বিএডিসি'র বীজ প্যাকেটে খুচরা মূল্য উল্লেখকরণ।**

আলোচনা ঃ

মহা-পরিচালক, বীজ উইং উল্লেখ করেন যে, কৃষকের স্বার্থে বিএডিসি'র সরবরাহকৃত বীজের প্যাকেটে সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য উল্লেখ থাকা প্রয়োজন। ব্যবস্থাপক (বীজ বিতরণ) উল্লেখ করেন যে, বিএডিসি'র নির্ধারিত মূল্য বিক্রয় কেন্দ্রের মূল্য। যেহেতু বীজ ডিলাররা অনেক দূরে নিয়ে বীজ বিক্রয় করে থাকেন ও খুব কম সময়ের মধ্যে বীজ বিক্রয় শেষ করতে হয়, তাই সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য উল্লেখ করলে বীজ বিক্রয় ব্যাহত হতে পারে। সভাপতি বলেন যে, সর্বোচ্চ বিক্রয় মূল্যের স্থলে বিএডিসি'র বিক্রয় কেন্দ্রের মূল্যও উল্লেখ থাকতে পারে। কৃষি তথ্য কেন্দ্রের প্রতিনিধি জানান যে, প্রতি বৃহস্পতিবার রেডিও থেকে বিভিন্ন পণ্যের যে বিক্রয় মূল্যের বুলেটিন প্রচার করা হয় তাতে বিএডিসি'র বীজের বিক্রয় মূল্যও প্রচার করা যায়।

সিদ্ধান্ত ঃ

এ সম্বন্ধে পরবর্তীতে আরও বিস্তারিত আলোচনা হবে।

সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

স্বাক্ষরিত/-
৮/৩/৯৭
মুহম্মদ আহসান আলী সরকার
অতিরিক্ত সচিব (পিপিসি)
কৃষি মন্ত্রণালয়
ও
সভাপতি, সীড প্রমোশন কমিটি।

পরিশিষ্ট-"ক"

১। ফসল ঃ আউশ

| বিতরণ লক্ষ্যমাত্রা '৯৭-৯৮ (টন) | প্রকৃত বিতরণ (টন) | | | | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা (৯৭-৯৮) | | উৎপাদন লক্ষ্যমাত্রা - ৯৭-৯৮ (টন) | | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ৯৪-৯৫ | ৯৫-৯৬ | ৯৬-৯৭ প্রাপ্যতা | জাত | পরিমাণ (টন) | জাত | ভিত্তি স্টেজ-১ | ভিত্তি স্টেজ-২ | প্রত্যায়িত খামার | প্রত্যায়িত কগ্রো | জাত | ৯৭-৯৮ (ফেব্রু/৯৭) | ৯৮-৯৯ চাহিদা (ফেব্রু/৯৮) |
| ক) টাস্ক ফোর্স ঃ | বিআর-১ | ৫২ | ৪৭ | ৬৭ | বিআর-১ | ১৫৪ | বিআর-১ | ১ | - | - | - | বিআর-১ | ১৫ | ১৫ |
| ভিত্তি - ২৫ | বিআর-৩ | ১৩১ | ১২৩ | ২১১ | বিআর-৩ | ১৮৭ | বিআর-৩ | ২ | ৮ | ২০০ | - | বিআর-৩ | ৩০ | ৩০ |
| মানঘোষিত - ১৪০০ | বিআর-১৪ | ১৫৫ | ৮৭ | ৭৯ | বিআর-৯ | ৭৪ | বিআর-১৪ | ৫ | ১০ | ৬০ | ২৪৫ | বিআর-১৪ | ৫০ | ৫০ |
| মোট - ১৪২৫ | বিআর-২১ | ২২ | ৭৮ | ২০ | বিআর-১৪ | ৩২০ | বিআর-২১ | ২ | ২ | ২০ | - | বিআর-২১ | ৩০ | ৩০ |
| | বিআর-২৪ | - | ৩ | ৩৬ | বিআর-১৬ | ৯৭ | বিআর-২৪ | ২ | ২ | ৫০ | - | বিআর-২৪ | ৩০ | ৩০ |
| খ) পিপি অনুযায়ী ঃ | বিআর-২৬ | ১১৭ | ১৫৩ | ১৭৭ | বিআর-২১ | ২৩১ | বিআর-২৬ | ৫ | ৬ | ১৬০ | ৩০৫ | বিআির-২৬ | ৫০ | ৫০ |
| ভিত্তি - ২৫ | ব্রিধান-২৭ | - | - | ৩১ | বিআর-২৪ | ৬৬ | ব্রিধান-২৭ | ২ | ৪ | ৭৫ | - | ব্রিধান-২৭ | ৩০ | ৩০ |
| মানঘোষিত - ১৪০০ | ইরাটম-২৪ | ৩৫ | - | - | বিআর-২৬ | ২১৯ | | | | | | | | |
| মোট - ১৪২৫ | বাউ-৬৩ | ৩৮ | - | - | ব্রিধান-২৭ | ২৯ | | | | | | | | |
| | মোট ঃ | ৫৫০ | ৪৯১ | ৬২১ | | ১৩৭৭ | | ১৯ | ৩২ | ৫৬৫ | ৫৫০ | | ২৩৫ | ২৩৫ |

১। বিগত ২ বছরের ব্রিডার বীজের চাহিদা ও সরবরাহ (কেজি)

| জাত | ১৯৯৫-৯৬ | | ১৯৯৬-৯৭ | |
|---|---|---|---|---|
| | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ |
| বিআর-১ | ২০ | ১০ | - | - |
| বিআর-৩ | ৩০ | ২০ | ৫০ | ৫০ |
| বিআর-১৪ | ২০ | ২০ | ৫০ | ৫০ |
| বিআর-২১ | ১০ | ১০ | ২৫ | ২৫ |
| বিআর-২৪ | ১৫ | ১৫ | ৪০ | ৪০ |
| বিআর-২৬ | ৩০ | ১৫ | ৫০ | ৫০ |
| ব্রিধান-২৭ | ২০ | ২০ | ২৫ | ২৫ |
| মোট ঃ | ১৪৫ | ১১০ | ২৪০ | ২৪০ |

২। ভিত্তি বীজের প্রাপ্যতা (৯৭-৯৮) (টন)

| জাত | পরিমাণ | |
|---|---|---|
| | স্টেজ-১ | স্টেজ-২ |
| বিআর-১ | - | ২.২১ |
| বিআর-৩ | ৪.৩৬ | ৯.০২ |
| বিআর-১৪ | ২.৫৫ | ৪.১৮ |
| বিআর-২১ | ১.০৪ | ৫.১৩ |
| বিআর-২৪ | ২.৩৪ | ৩.০৬ |
| বিআর-২৬ | ৪.৯৯ | ২.৩৪ |
| ব্রিধান-২৭ | ১.৪৩ | ৪.৪৮ |
| মোট ঃ | ১৬.৭১ | ৩০.৪২ |

ক্যারিওভার বীজ (টন)

| জাত | পরিমাণ |
|---|---|
| বিআর-১ | ১ |
| বিআর-৩ | ৬ |
| বিআর-১৪ | ৪৯ |
| বিআর-১৬ | ৬২ |
| বিআর-২৬ | ৯৪১ |
| ব্রিধান-২৮ | ১ |
| ব্রিধান-২৯ | ৩ |
| মোট ঃ | ১০৬৩ |

* বোরো ক্যারিওভার ১০৬৩ টনসহ মোট ১৬৮৪ টন আউশ বীজ মজুদ আছে।

স্বাক্ষর/- ২৭/২/৯৭
ব্যবস্থাপক (প্রোগ্রাম)
বিএডিসি, ঢাকা

পরিশিষ্ট - "খ"

# ১৯৯৭-৯৮ সালে বিএডিসি কর্তৃক পাট বীজ উৎপাদন ও বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য অনুষ্ঠিত সভার কার্য-বিবরণী

ফসল ঃ পাট বীজ

| বিতরণ লক্ষ্যমাত্রা | প্রকৃত বিতরণ (টন) | | | | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের | | বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা | | | ব্রিডার বীজের চাহিদা/উৎপাদন (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৯৯৭-৯৮ (টন) (ফেব্রুয়ারী '৯৮) | জাত | ৯৪-৯৫ | ৯৫-৯৬ | ৯৬-৯৭ লক্ষ্যমাত্রা | চাহিদা (১৯৯৭-৯৮) (টন) | | ৯৭-৯৮ (টনে) (মার্চ '৯৭) | | | জাত | ৯৭-৯৮ (কেজি) চাহিদা | ৯৭-৯৮ উৎপাদন ৯৮-৯৯ চহিদা |
| | | | | | জাত | পরিমাণ (টন) | জাত | ভিত্তি | প্রত্যায়িত | | | |
| ক) টাস্ক ফোর্স | ডি-১৫৪ | ৯ | ৬ | - | ডি-১৫৪ | ১৫৫.৯ | সিভিএল-১ | ১৩.৫ | ৪০০ | সিভিএল-১ | ২০০ | ২০০ |
| ভিত্তি - ৩৫ | সিভিএল-১ | ১৮১ | ২২৮ | ২৭২.৮ | সিভিএল-১ | ১১৪.৩ | সিভিই-৩ | ১.৫ | ২৫ | সিভিই-৩ | ২০ | ২০ |
| প্রত্যায়িত - ১০০০ | সিভিই-৩ | ১৮ | ১৮ | ১৯.৯ | সিভিই-৩ | ৩৫.৪ | মোট দেশীঃ | ১৫.০ | ৪২৫ | মোট দেশী ঃ | ২২০ | ২২০ |
| মোট - ১০৩৫ | মোট দেশী ঃ | ২০৮ | ২৫২ | ২৯২.৭ | সিসি-৪৫ | ১৩.৯ | | | | | | |
| | | | | | মোট দেশী ঃ | ৩১৯.৫ | ও-৪ | ১২.৫০ | ৪০০ | ও-৪ | ২৫০ | ২৫০ |
| ক) পিপি অনুযায়ী | ও-৪ | ২০৫ | ১৭২ | ১১৩.২ | ও-৪ | ১৭৩.০ | ও-৯৮৯৭ | ২১.২৫ | ৩০০ | ও-৯৮৯৭ | ২৫০ | ২৫০ |
| ভিত্তি -দেশী - ২০ | ও-৯৮৯৭ | ৯১ | ১২৬ | ৭২.৬ | ও-৯৮৯৭ | ২৩৪.৯ | মোট তোষাঃ | ৩৩.৭৫ | ৭০০ | মোট তোষা ঃ | ৫০০ | ৫০০ |
| তোষা - ৪০ | মোট তোষা ঃ | ২৯৬ | ২৯৮ | ১৮৫.৮ | মোট তোষা ঃ | ৪০৭.৯ | | | | | | |
| মোট - ৬০ | | | | | | | | | | | | |
| | মোট (দেশী+তোষা) ঃ | ৫০৪ | ৫৫০ | ৪৭৮.৫ (ক্যারিওভারসহ) | মোট ঃ (দেশী+তোষা) | ৭২৭.৪ | মোট ঃ দেশী+তোষা | ৪৮.৭৫ | ১১২৫ | মোট ঃ দেশী+তোষা | ৭২০ | ৭২০ |
| প্রত্যায়িত দেশী - ৫১০<br>তোষা - ৭৪০<br>মোট - ১২৫০ | | | | | | | | | | | | |

বিঃ দ্রঃ (১) বিগত ৩ বছরের ব্রিডার বীজের চাহিদা ও সরবরাহ (কেজি)

| জাতের নাম | ১৯৯৪-৯৫ (মার্চ '৯৪) | | ১৯৯৫-৯৬ (মার্চ ' ৯৫) | | ১৯৯৬-৯৭ (মার্চ ' ৯৬) | |
|---|---|---|---|---|---|---|
| | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ | চাহিদা | সরবরাহ |
| ডি-১৫৪ | ৩০ | ৩০ | - | - | - | - |
| সিভিএল-১ | ২৪০ | ১৮০ | ২১০ | ২১০ | ২৭০ | ১৬৫ |
| সিভিই-৩ | ৩০ | ৩০ | ২০ | ২০ | ৩০ | ৩০ |
| মোট দেশী ঃ | ৩০০ | ২৪০ | ২৩০ | ২৩০ | ৩০০ | ১৯৫ |
| ও-৪ | ২৫০ | ২৪৫ | ২৪০ | ৩৩৬ | ২৫০ | ১৫২ |
| ও-৯৮৯৭ | ২৪০ | ২৪০ | ১৬০ | ১৬০ | ২২৫ | ২২৫ |
| মোট তোষা ঃ | ৪৯০ | ৪৮৫ | ৪০০ | ৪৯৬ | ৪৭৫ | ৩৭৭ |
| মোট দেশী+তোষা ঃ | ৭৯০ | ৭২৫ | ৬৩০ | ৭২৬ | ৭৭৫ | ৫৭২ |

(২) ভিত্তি বীজের প্রাপ্যতা- ১৯৯৭-৯৮ (উৎপাদন) এর জন্য

| জাত | পরিমাণ (কেজি) |
|---|---|
| সিভিএল-১ | ১০,০০০ |
| সিভিই-৩ | ১,৫০০ |
| মোট দেশী ঃ | ১১,৫০০ |
| | |
| ও-৪ | ৬,৫০০ |
| ও-৯৮৯৭ | ১২,৭০০ |
| মোট তোষা ঃ | ১৯,২০০ |
| মোট পাট ঃ | ৩০,৭০০ |

স্বাক্ষরিত/- ২৭/২/৯৭
ব্যবস্থাপক (প্রোগ্রাম)
বিএডিসি, ঢাকা।

পরিশিষ্ট -"গ"

## বীজ প্রমোশন কমিটির ২৭-০২-৯৭ ইং তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভার উপস্থিত কর্মকর্তাবৃন্দ
## (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম | পদবী ও সংস্থা |
|---|---|---|
| ১ | জনাব মনির উদ্দিন খান | মুখ্য বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর |
| ২ | ড. এ,বি,এম, আব্দুল্লাহ | পরিচালক (কৃষি), বিজেআরআই |
| ৩ | জনাব হারান চন্দ্র সরকার | এসএসও, ব্রি, গাজীপুর |
| ৪ | জনাব আই এন বড়ুয়া | ব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি |
| ৫ | জনাব আ, কা, মু, গিয়াস উদ্দিন মিলকী | মহা-পরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় |
| ৬ | জনাব মোঃ আব্দুল লতিফ | মহা-ব্যবস্থাপক (পাট বীজ), বিএডিসি |
| ৭ | ড. মোঃ শহিদুল ইসলাম | পরিচালক (গবেষণা), বিএআরআই |
| ৮ | জনাব মোঃ নূরুল ইসলাম | প্রধান বীজ তত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় |
| ৯ | জনাব মোঃ আবু ইছা | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |
| ১০ | জনাব মোঃ হুমায়ুন কবির | সহকারী বীজ তত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় |
| ১১ | জনাব দিলীপ কুমার চক্রবর্তী | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস |
| ১২ | ড. মোস্তাফিজুর রহমান | ডেপুটি কো-অডিনেটর, এএসএসপি, বারি |
| ১৩ | জনাব মোঃ মোস্তফা হুসেন | ব্যবস্থাপক (উন্নয়ন), বিএডিসি |